বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
ঋণ আদায় বিভাগ।
Website:www.krishibank.org.bd, Email:dgmrecovery@krishibank.org.bd

পরিবেশ বান্ধব ব্যাংকিং করুন

ফোন ঃ- ০২- ৯৫৬৩১৬৫

প্রকা/আদায়-৮(৫৯)/২০১৬-২০১৭/১০২৪(১২০০) তারিখঃ ১৪-০৬-২০১৭ খ্রিঃ

সকল মহাব্যবস্থাপক
বিভাগীয় কার্যালয়সমুহ/স্থানীয় মুখ্য কার্যালয়,ঢাকা
উপমহাব্যবস্থাপক,সকল কর্পোরেট শাখা/স্থানীয় মুখ্য কার্যালয়
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ মন্দ ও ক্ষতি হিসেবে শ্রেণীবিন্যাসিত ঋণ আদায়ের স্বার্থে মামলা দায়ের কালে হাল সন পর্যন্ত সুদ ঋণ হিসাবে সংযোজন না করে ঋণ লেজারের মেমোরেন্ডাম অব ইন্টারেস্ট কলামে লিপিবদ্ধকরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে ঋণ আদায় বিভাগ হতে জারীকৃত ৩১-০৭-২০০৪ তারিখের ঋণ আদায় মহাবিভাগ পরিপত্র নং-০৫/২০০৪ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত পরিপত্রের মাধ্যমে বিএল হিসেবে শ্রেণীকৃত ঋণ হিসাবের মামলা দায়েরের করার সময়ে হাল নাগাদ আরোপযোগ্য সুদ সংশ্লিষ্ট ঋণ হিসাবে ডেবিট না করে ঋণ লেজারের মেমোরেন্ডাম অব ইন্টারেস্ট কলামে লিপিবদ্ধ করার সুস্পষ্ট নির্দেশনা প্রদান করা সত্ত্বেও উর্ধ্বতন কর্তৃপক্ষের গোচরীভুত হয়েছে যে, উক্ত পরিপত্রের নির্দেশনা পরিপালন না করে কতিপয় শাখা কর্তৃক মামলা দয়েরের সময় বিএল হিসেবে শ্রেণীকৃত ঋণ হিসাবের অনারোপিত ঋণ হিসাবে ডেবিট করে দাবীর পরিমাণ নিরূপণ করা হচ্ছে। ফলে, শ্রেণীকৃত ঋণের পরিমাণ অনাকাঙ্খিত ভাবে বৃদ্ধি পাচ্ছে।

০৩। যে সমস্ত কর্পোরেট শাখা/শাখা বিএল ঋণ আদায়ের লক্ষ্যে মামলা দায়েরের প্রাক্কালে কিংবা মামলা দায়ের ছাড়াও ভুলবশতঃ অনারোপিত সুদ ঋণ লেজার পৃষ্ঠার মেমোরেন্ডাম অব ইন্টারেস্ট কলামে এন্ট্রি না করে সংশ্লিষ্ট ঋণ হিসাব ডেবিট করেছে এরূপ সুদ অত্র পত্র প্রাপ্তির ০৭(সাত) দিনের মধ্যে রিভার্স করে ধার্য্য মেমোরেন্ডাম অব ইনটারেস্ট কলামে লিপিবদ্ধ করা জন্য পরামর্শ দেয়া গেল। পরবর্তী পর্যায় এ ধরনের অনিয়ম সংঘটিত করা থেকে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০৪। কর্পোরেট শাখা/শাখাসমুহ কর্তৃক উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালন করা হচ্ছে কি না, তা তদারকির মাধ্যমে নিশ্চিত করণসহ এতদ্সংক্রান্ত বিষয়ে একটি প্রত্যয়নপত্র আগামী ২৮-০৬-২০১৭ তারিখের মধ্যে ঋণ আদায় বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য সকল বিভাগীয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণকে অনুরোধ করা হলো।

০৫। বিভাগীয় মহাব্যবস্থাপকগণ আওতাধীন কর্পোরেট শাখা এবং মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমুহ হতে প্রাপ্ত প্রত্যয়নপত্র একটি অগ্রপত্রের মাধমে ঋণ আদায় বিভাগে প্রেরণ করবেন।

০৬। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ ।

আপনার বিশ্বস্ত,
১৪/৬/২০১৭
(মোঃ হাবিব উল্যা)
মহাব্যবস্থাপক

প্রকা/আদায়-৮(৫৯)/২০১৬-২০১৭/১০২৪ (১২০০) তারিখঃ ১৪-০৬-২০১৭ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়,ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়,ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। সচিব, পর্ষদ সচিবালয়/ সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়/ স্টাফ কলেজ,ঢাকা।
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি (সিস্টেমস) বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। উক্ত নির্দেশনামুলক পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক ।
০৮। নথি/মহানথি।

১৪/৬/২০১৭
( ডাঃ মোঃ নুর সাঈদ)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)